

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

এসএফডি সার্কুলার লেটার নং: ০৫

সেপ্টেম্বর ০৯, ২০২০

তারিখ:

ভাদ্র ২৫, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
প্রিয় মহোদয়,

পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত সেপ্টেম্বর ০৪, ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং- ০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে জানুয়ারি ২০১৬ হতে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা তাদের বিতরণকৃত মোট ফান্ডেড ঋণ/বিনিয়োগের ৫% নির্ধারণ করা হয়েছিল।

২। এক্ষেত্রে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের অর্জন/অগ্রগতি পরিবীক্ষণের জন্য পরিবেশ বান্ধব অর্থায়নের হার নির্ণয়ে বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতীত) ভিত্তি হিসেবে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অনূন ৫% অর্জন নিশ্চিত করতে হবে।

(খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে চিহ্নিত/স্বীকৃত পরিবেশ বান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের ক্ষেত্রে উক্ত হার বিবেচিত হবে।

(গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রিন ব্যাংকিং কার্যক্রমের অর্জন তাদের CAMELS রেটিং মূল্যায়নে বিবেচিত হবে।

৩। এছাড়া, পরিবেশ বান্ধব অর্থায়ন সহযোগিতা বৃদ্ধি, পরামর্শ প্রদান এবং ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের Potential সকল অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জনসহ গ্রিন ব্যাংকিং এর যাবতীয় কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয়ের 'সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট' এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকান্ড পরিচালিত হবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd